

93755 - ফিতরা পরিশোধ করার স্থান

প্রশ্ন

আমি একজন যুবক। কুয়েতে থাকি। কিন্তু বর্তমানে আমেরিকাতে আমার মেয়েকে চিকিৎসা করাচ্ছি। রমযানের রোযা আমেরিকাতেই রেখেছি। আমাকে কি আমার ফিতরা আমেরিকাতে পরিশোধ করতে হবে; নাকি কুয়েতে আমার পরিবারকে আমার ফিতরা পরিশোধ করার দায়িত্ব দিতে পারব? ফিতরা নগদ অর্থে পরিশোধ করার হুকুম কি? উল্লেখ্য, আমেরিকাতে তারা নগদ অর্থে ফিতরা পরিশোধ করে; খাদ্য দিয়ে নয়।

প্রিয় উত্তর

আলেমগণ উল্লেখ করেছেন যে, ফিতরা ব্যক্তির দেহের সাথে সম্পৃক্ত; সম্পদের সাথে নয়। তাই চাঁদ রাতে ব্যক্তি যে স্থানে অবস্থান করবে সে স্থানেই ফিতরা আদায় করবে।

ইবনে কুদামা ‘আল-মুগনী’ গ্রন্থে (৪/১৩৪) বলেন:

“পক্ষান্তরে ফিতরা, ব্যক্তির উপর যে স্থানে ওয়াজিব হয়েছে সে স্থানেই সে পরিশোধ করবে; তার সম্পদ সেখানে থাকুক; কিংবা না থাকুক।”[সমাণ্ত]

আর নগদ অর্থ দিয়ে ফিতরা পরিশোধের ব্যাপারে ইতিপূর্বে 22888 নং প্রশ্নোত্তরে আলোচিত হয়েছে যে, ওয়াজিব হল খাদ্য দিয়ে ফিতরা পরিশোধ করা এবং নগদ অর্থ দিয়ে দিলে আদায় হবে না।

অতএব, আপনি খাদ্য দিয়ে ফিতরা পরিশোধ করার চেষ্টা করুন। যদি গরীব ব্যক্তি খাদ্য নিতে অস্বীকৃতি জানায় এবং অর্থ চায় সেক্ষেত্রে আপনি নগদ অর্থে পরিশোধ করলে প্রয়োজন ও জরুরতের অবস্থায় কোন অসুবিধা হবে না।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।